

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১২, ২০১৫

নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ মাঘ ১৪২১বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারি ২০১৫

এস. আর. ও নং ২৭-আইন/২০১৫।—জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩নং আইন) এর ধারা ২২, ধারা ৩, ৫, ৭ এবং ৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ ও ৯ প্রতিস্থাপিত হইবে, যথা ১—

“৮। ফি, ইত্যাদি।—(১) জাতীয় পরিচয়পত্র নবায়ন, হারানো বা নষ্ট হইবার কারণে নৃতন জাতীয় পরিচয়পত্রের আবেদনের ক্ষেত্রে নিম্ন টেবিলে উল্লিখিত ফি প্রদান করিতে হইবে, যথা ১—

ক্রমিক নং	কার্যসমূহ	প্রদেয় ফিসমূহ (টাকা)	
		সাধারণ	জরুরি
(১)	জাতীয় পরিচয়পত্র নবায়ন	১০০ (একশত)	১৫০ (একশত পঞ্চাশ)
(২)	হারানো বা নষ্ট হইবার কারণে নৃতন জাতীয় পরিচয়পত্র প্রাপ্তি		
	প্রথম বার আবেদন	২০০ (দুই) শত	৩০০ (তিনি) শত
	দ্বিতীয় বার আবেদন	৩০০ (তিনি) শত	৫০০ (পাঁচ) শত
	পরবর্তী যে কোন বার আবেদন	৫০০ (পাঁচ) শত	১০০০ (এক) হাজার

(৯৫৫)
মূল্য : টাকা ৮.০০

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ফি নির্দিষ্ট খাতে ট্রেজারি চালানের মাধ্যমে অথবা “সচিব, নির্বাচন কমিশন” এর অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত নম্বরে মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত ফি প্রাপ্তির তারিখ হইতে ৭(সাত) কার্যদিবসের মধ্যে উহা সরকারি হিসাবে জমা করিতে হইবে।

৯। বিধি ৮ এর কার্যকরতা।—নির্বাচন কমিশন, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে বিধি ৮ কার্যকর হইবে।”।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ সিরাজুল ইসলাম
সচিব।